**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

**ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স**

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৫২০ তারিখ : ১২ নভেম্বর, ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

## 'ই-ঋণ' (e-loan) পুনঃ অর্থায়ন স্কিম

অর্থনৈতিক বৈষম্য হ্রাস করে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই আর্থিক খাত উন্নয়নের লক্ষ্যে ০৯ নভেম্বর ২০২৬ তারিখে 'ই-ঋণ' (e-loan) পুনঃ অর্থায়ন স্কিম এফআইডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে হালনাগাদ করা হয়েছে। স্কিমটির মেয়াদ ৩০ জুন ২০২৮ পর্যন্ত। এ স্কিমের আওতায় দেশের তফসিলি ব্যাংকসমূহের মাধ্যমে অল্প সময়ের মধ্যে তাৎক্ষণিক সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে (ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং অ্যাপ, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, ই-ওয়ালেট ইত্যাদির মাধ্যমে) জামানতবিহীন সর্বোচ্চ ৫০,০০০ টাকা পর্যন্ত স্বল্পসুদ/মুনাফায় ঋণ সুবিধা গ্রহণ করতে পারে। "'ই-ঋণ' (e-loan) পুনঃ অর্থায়ন স্কিম" এর আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের ক্ষেত্রে প্রান্তিক জনগোষ্ঠী, দূরবর্তী এলাকায় বসবাসরত ও ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগণ, প্রান্তিক নারী, অতিক্ষুদ্র ও ক্ষুদ্র নারী উদ্যোক্তা, ১৮-২৫ বছর বয়সী স্টুডেন্ট ব্যাংকিং হিসাবধারী শিক্ষার্থী, বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি (Person with Disabilities) এবং তৃতীয় লিঙ্গের গ্রাহকগণ অগ্রাধিকার পাবেন। ঋণের সর্বোচ্চ মেয়াদ ১২ মাস এবং গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার বার্ষিক সর্বোচ্চ ৯ শতাংশ। অন্যদিকে, বাংলাদেশ ব্যাংক অংশগ্রহণকারী ব্যাংকসমূহকে বার্ষিক ১ শতাংশ সুদে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করছে। এ ঋণ সহায়তা উপকারভোগীদের আয়বর্ধক কার্যক্রম বৃদ্ধিতে ইতিবাচক ভুমিকা রাখার পাশাপাশি ব্যাংকিং লেনদেনে মোবাইল অ্যাপ্লিকেশনসহ বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারে জনগণের অভ্যস্ততা বৃদ্ধির মাধ্যমে ক্যাশলেস সমাজ প্রতিষ্ঠার অগ্রযাত্রাকে ত্বরান্বিত করবে।

**জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।**

**ধন্যবাদান্তে,**

(সাঈদা খানম)
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০১৮০
E-mail: sayeda.khanam@bb.org.bd